



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 AUGUST 2024**

**7:35 AM IST**

আসাম সরকার ৰাজ্যেৰ মহিলাদেৰ ওপৰ হওয়া নিৰ্যাতনেৰ ঘটনা প্ৰতিৰোধে তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্ৰহণ কৰে কাৰ্যকৰী ব্যবস্থা গ্ৰহণ কৰছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্তুবিশ্ব শৰ্মা জানান । মুখ্যমন্ত্রী বলেন যে বিৰোধী পক্ষ সমালোচনা কৰলেও সরকার এধৰণেৰ বহু ক্ষেত্ৰে তাৎক্ষণিকভাবে ন্যায় প্ৰদানেৰ ব্যবস্থা কৰেছে । সরকার ভবিষ্যতেও এই ক্ষেত্ৰগুলিতে তৎক্ষণিকভাবে ন্যায়েৰ প্ৰদানেৰ ব্যবস্থা কৰবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দেন ।

মুখ্যমন্ত্রী সাংবাদিকদেৰ কাছে স্মাৰ্ট মিটাৰ বসানোৰ প্ৰসংগ উল্লেখ কৰে বলেন যে ৰাজ্যে স্মাৰ্ট মিটাৰ বসানোৰ ফলে বিদ্যুতেৰ মাসুল বৃদ্ধি হৈছে বলে যে অভিযোগ রয়েছে তা সত্য নয় । অন্যদিকে এই মিটাৰ বসানোৰ ফলে গ্ৰাহকৰা মিতব্যয়ীভাবে বিদ্যুৎ ব্যবহাৰ কৰাৰ সুবিধা পাচ্ছেন বলে মুখ্যমন্ত্রী উল্লেখ কৰেন ।

এদিকে এ আই ইউ ডি এফ দল স্মাৰ্ট মিটাৰেৰ মাধ্যমে ৰাজ্য সরকার জনসাধাৰণকে লুঠন ও শাস্তি প্ৰদান কৰছে বলে অভিযোগ কৰেছে । দলটি স্মাৰ্ট মিটাৰেৰ মাধ্যমে অত্যধিক বিদ্যুৎ মাসুল সংগ্ৰহ না কৰতে সরকারেৰ প্ৰতি আহ্বান জানিয়েছে । এছাড়া দল স্মাৰ্ট মিটাৰ লাগাতে যাওয়া ঠিকাদাৰেৰ বিদ্যুৎ বিভাগেৰ নামে অশোভন আচৰণ কৰাৰ বিৰুদ্ধে যথাযত ব্যবস্থা গ্ৰহণ কৰতে দাবী জানিয়েছে ।

আসামেৰ শিক্ষার্থীদেৰ সৰ্বাঙ্গীন বিকাশ ও প্ৰগতিৰ ক্ষেত্ৰে আৰোহণ প্ৰকল্প ইতিবাচক পৰিবৰ্তন আনতে সক্ষম হৈছে বলে ৰাজ্যেৰ শিক্ষামন্ত্রী ৰণোজ পেগু জানিয়েছেন । প্ৰতিযোগিতাৰ মাধ্যমে নিজেদেৰ প্ৰতিষ্ঠিত কৰাৰ জন্য শিক্ষার্থীদেৰ শুরুর থেকে নিজেদেৰ মন স্থিৰ কৰতে হবে বলে শিক্ষামন্ত্রী উল্লেখ কৰেন । উল্লেখ্য- ২০২৩-২৪ শিক্ষা বৰ্ষে চাৰ হাজাৰ ৩২৪ জন শিক্ষার্থী এবং চাৰ হাজাৰ ৮১৪ জন মেণ্টৰ আৰোহণ পোৰ্টালেৰ মাধ্যমে নাম অৰ্ন্তভুক্ত কৰেছেন । অনুরূপভাবে ২০২৪-২৫ শিক্ষা বৰ্ষে চাৰ হাজাৰ ২৮০ জন শিক্ষার্থী এবং এক হাজাৰ ৯৩৪ জন মেণ্টৰ আৰোহণ পোৰ্টালেৰ মাধ্যমে নাম অৰ্ন্তভুক্ত কৰেছেন । এই পোৰ্টালেৰ মাধ্যমে অৰ্ন্তভুক্ত হওয়া শিক্ষার্থীদেৰ তাদেৰ মেণ্টৰগণ তাদেৰ ঘৰে বা ভাৰ্চুয়াল মোডেৰ মাধ্যমে শিক্ষার্থীদেৰ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য

পরামর্শ প্রদান করবেন । এছাড়াও এই প্রকল্পের অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক বাবদ এক হাজার টাকা করে অ্যাকাউন্টের মাধ্যমে প্রদান করা হচ্ছে ।

---

সরকার গ্রামের উন্নয়নে কোন ধরনের রাজনীতি করতে চায় না এবং আগামী কয়েক বছরের মধ্যে রাজ্যের কোনো ব্যক্তি আর কাচা ঘরে থাকবেন না । আবাস যোজনার পাশাপাশি সরকার শৌচাগার নির্মান ও সড়ক নির্মানে গুরুত্ব দিচ্ছে ।

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস গতকাল লালা ও কাটলীছড়া উন্নয়ন খন্ড এলাকায় বাস্তুবায়িত প্রধানমন্ত্রী আবাস যোজনা , অমৃত সরোবর , পঞ্চদশ অর্থ বছরের বিভিন্ন প্রকল্প সরজমিনে পরিদর্শন করে সাংবাদিকদের একথা জানিয়েছেন । মন্ত্রী শ্রী দাস লালা উন্নয়ন খন্ডের অধীন কয়েকটি গ্রামে প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর পরিদর্শন করে হিতাধিকারীদের সঙ্গে মত বিনিময় করেন । মন্ত্রী শ্রী দাস আরো জানান যে আসামে আগামী সেপ্টেম্বর মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নির্ধারণ করে দেওয়া লক্ষ্য অনুযায়ী ২০ লক্ষ প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহ নির্মানের কাজ সম্পন্ন করা হবে ।

পরিদর্শনকালে মন্ত্রীর সংগে হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেইন লস্কর , জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক রঞ্জিত কুমার লস্কর , জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য উপস্থিত ছিলেন ।

---

আসাম ট্রাইবেল অ্যাফেয়ার্স-এর সঞ্চালক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তপশিলি উপজাতি শ্রেণীর শিক্ষার্থীরা পোষ্ট ম্যাট্রিক বৃত্তির জন্য যারা আবেদন করেছে , তাদেরকে ন্যাশনেল স্কলারশিপ পোর্টালের মাধ্যমে আবেদন করতে হবে । শুধুমাত্র বৈধ ইউ-ডাইস , এ আই এস এইচ ই , এন সি ভি টি কোড থাকা মেডিকেল-টেকনিকেল প্রতিষ্ঠান সহ সরকারী স্বীকৃতিপ্রাপ্ত উচ্চতর মাধ্যমিক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় হতে হবে । বিশদ বিবরণের জন্য শিলচরের ইনট্রিগ্রেটেড ট্রাইবেল ডেভোলাপমেন্ট কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ পুরত বিভাগের পাথারকান্দি ও রামকৃষ্ণ নগর টেরিটোরিয়াল সড়ক শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন হে আনিপুর- দূরলভছড়া-জামুয়াং সরকারের দুর্লভছড়ায় দুই লেনের ৮/১ কাঠের সেতু দূরবল হয়ে পরায় অই সেতুর উপর দিয়ে ১০ টনের বেশী ওজন নিয়ে সব ধরনের যান চলাচল নিষিদ্ধ করা

হয়েছে। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে বলে জানানো হয়েছে।

---

ধলাইয়ের মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় নতুন বাজার এফ সি খেলবে ফাওয়া এফ সি-র বিরুদ্ধে ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় এম এম আর এস এফ সি এবং ভুবনডহর এফ সি-র মধ্যে খেলা ১-১ গোলে ড্র হয়েছে ।

---

পালং ঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত শ্যামাপ্রসাদ মুখারজী ফুটবল প্রতিযোগিতায় আজকের খেলায় সুন্দরী পারট ২ এফ সি মুখোমুখি হবে ডেপ লিপার এফ সি'র বিরুদ্ধে। স্থানীয় চোইতন্য চরন জগত চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতায় গতকালের খেলায় রাজঘাট আর ডি এক্স ২-০ গোলে কালাখাল এফ সি দলকে পরাজিত করে।

---

---